**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

web: www.ecs.gov.bd
ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮, ৫৫০০৭৬১১

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৩৫

তারিখ: ২৫ মাঘ ১৪২৫
০৭ ফেব্রুয়ারি ২০১৯

# পরিপত্র-৩

**বিষয় : ৫ম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটকেন্দ্র ও ভোটকক্ষ, ভোটকেন্দ্রের ব্যবস্থাপনা, স্বতন্ত্র চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান প্রার্থীর ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা যাচাই পদ্ধতি, বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন, প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচন, সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা**

উপরোক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, পঞ্চম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটকেন্দ্রের তালিকা প্রেরণের জন্য গত ৩১ জানুয়ারি ২০১৯ তারিখে জারিকৃত স্মারক নং- ১৭.০০.০০০০.০২৫. ৪৪.০০১.১৯-১৫ এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে। ভোটকেন্দ্র স্থাপনের সুবিধার্থে উপজেলা পরিষদ নির্বাচনের ভোটকেন্দ্র স্থাপনের নীতিমালা পুনরায় এতদ্‌সংগে প্রেরণ করা হল (পরিশিষ্ট-ক)।

২। **ভোটকেন্দ্র ও ভোটকক্ষ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১০ এর উপ-বিধি (১) অনুসারে চেয়ারম্যান এবং ভাইস চেয়ারম্যান নির্বাচনের জন্য সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা, কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তার মাধ্যমে কমিশনের নিকট প্রস্তাবিত ভোটকেন্দ্রসমূহের একটি তালিকা প্রেরণ করবেন এবং উক্ত তালিকায় প্রতিটি ভোটকেন্দ্রে যে সকল এলাকার ভোটারগণ ভোট প্রদান করবেন সেই সকল এলাকার নাম সুনির্দিষ্টভাবে উল্লেখ করবেন।

(২) মহিলা সদস্য নির্বাচনের উদ্দেশ্যে, উপজেলা সদরে একটি ভোটকেন্দ্র থাকবে, তবে কমিশনের নির্দেশমত উপজেলা সদরে বা অন্য কোন সুবিধাজনক স্থানে অতিরিক্ত এক বা একাধিক ভোটকেন্দ্র থাকতে পারে এবং কমিশন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে রিটার্নিং অফিসার কমিশনের নিকট প্রস্তাবিত ভোটকেন্দ্রের বা কেন্দ্রসমূহের নাম প্রেরণ করবেন;

(৩) কমিশন উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত তালিকা প্রয়োজনে সংশোধন বা পরিবর্তন সাপেক্ষে চূড়ান্ত করবে এবং ভোটগ্রহণের তারিখের অন্যূন ১৫ (পনেরো) দিন পূর্বে উক্ত চূড়ান্ত তালিকা সরকারি গেজেটে প্রকাশ করবে এবং প্রতিটি ভোটকেন্দ্রে যে সকল এলাকার ভোটারগণ ভোটদান করবেন সে সকল এলাকার নামও চূড়ান্ত তালিকায় উল্লেখ করতে হবে;

তবে শর্ত থাকে যে, উক্ত চূড়ান্ত তালিকা প্রকাশিত হওয়ার পরও, বিশেষ পরিস্থিতিতে কমিশন যে কোন ভোটকেন্দ্র পরিবর্তন করতে পারবে;

(৪) রিটার্নিং অফিসার উপ-বিধি (৩) এর অধীনে প্রকাশিত চূড়ান্ত ভোটকেন্দ্রের তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলার জন্য প্রয়োজনীয় সংখ্যক ভোটকেন্দ্রের ব্যবস্থা করবেন।

(৫) সর্বসাধারণের জন্য উন্মুক্ত নয় এরূপ স্থানকে ভোটকেন্দ্র হিসেবে নির্ধারণ করা যাবে না।

(৬) পুরুষ ও মহিলা ভোটারগণ যাতে পৃথকভাবে ভোট প্রদান করতে পারেন তদুদ্দেশ্যে প্রতিটি ভোটকেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক ভোটকক্ষের ব্যবস্থা রাখতে হবে এবং প্রতিটি ভোটকক্ষে ভোটচিহ্ন প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক স্থান রাখতে হবে।

(৭) কোন প্রার্থীর মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোন স্থানে কোন ভোটকেন্দ্র স্থাপন করা যাবে না।

(৮) প্রার্থিতা চূড়ান্তকরণের পর কোন প্রার্থীর মালিকানাধীন বা নিয়ন্ত্রণাধীন কোন ভোটকেন্দ্র বিজ্ঞাপিত হয়ে থাকলে কমিশন তা পরিবর্তন করতে পারবে।

(৯) প্রত্যেক ভোটকেন্দ্রের প্রতিটি ভোট কক্ষে ভোট চিহ্ন প্রদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক গোপন কক্ষ থাকবে।

৩। **ভোটকেন্দ্রের তালিকা অনুসারে ভোটকেন্দ্র স্থাপন:** নির্বাচন কমিশন কর্তৃক গেজেটে প্রকাশিত তালিকা অনুসারে ভোটকেন্দ্র স্থাপন করতে হবে এবং উক্ত ভোটকেন্দ্রেই ভোটগ্রহণের ব্যবস্থা করতে হবে।

৪। **ভোটকেন্দ্রের ব্যবস্থাপনা:** ভোটগ্রহণের দিন ভোটকেন্দ্রের ব্যবস্থাপনা, ভোটকক্ষ স্থাপন, গোপন কক্ষ (মার্কিং প্লেস) স্থাপন, মহিলা ও পুরুষদের জন্য ভোটকেন্দ্র স্থাপন ইত্যাদি বিষয়ে নির্বাচন পরিচালনা ম্যানুয়ালে বিস্তারিত নির্দেশনা প্রদান করা হবে। উক্ত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

৫। **স্বতন্ত্র চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান প্রার্থীর ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা যাচাই পদ্ধতি:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ক এর উপ-বিধি (১) অনুসারে স্বতন্ত্র চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান প্রার্থী কর্তৃক বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর বিধান অনুসারে দাখিলকৃত নির্ধারিত সংখ্যক ভোটারের স্বাক্ষর ও তথ্যাদি রিটার্নিং অফিসার বা রিটার্নিং অফিসারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা সরেজমিনে যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকায় নির্ধারিত সংখ্যা হতে কম সংখ্যক ভোটারের স্বাক্ষর থাকলে অথবা তালিকার কোন একটি ক্রমিকের তথ্যের গরমিল থাকলে সংশ্লিষ্ট মনোনয়নপত্র বাতিল করবেন।

(৩) রিটার্নিং অফিসার বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন প্রাপ্ত তালিকাসহ প্রার্থীর নাম ফ্যাক্স, ই-মেইল কিংবা অন্য কোন মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে কমিশনের মনোনীত কর্মকর্তাকে অবহিত করবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন প্রার্থীর নাম অবগত হবার পর নির্বাচন কমিশনের মনোনীত কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিতে কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে প্রত্যেক স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত স্বাক্ষর তালিকার ৫ (পাঁচ) টি সংখ্যা চিহ্নিত করবেন যা ক্রমিক ১ (এক) হতে ২৫০ (দুইশত পঞ্চাশ) এর মধ্যে হতে হবে এবং তা রিটার্নিং অফিসারকে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে অবহিত করবেন।

(৫) বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) এর অধীন স্বাক্ষরযুক্ত তালিকায় চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদের জন্য ২৫০ (দুইশত পঞ্চাশ) এর অধিক নাম ও স্বাক্ষর অন্তর্ভুক্ত হলে, যে ক্রমিক হতে এই অধিক সংখ্যার শুরু হয়েছে তা দৈবচয়নের অন্তর্ভুক্ত হবে না।

(৬) উপ-বিধি (৪) এর অধীন চিহ্নিত ৫ (পাঁচ) টি সংখ্যার বিপরীতে উল্লিখিত তথ্যাদি রিটার্নিং অফিসার সরেজমিনে তদন্ত করবেন বা করাবেন এবং তদন্ত কর্মকর্তা প্রতিটি সংখ্যার বিপরীতে একটি লিখিত প্রতিবেদন প্রস্তুত করবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন তদন্তের ফলাফলের উপর ক্ষেত্রমত, সংশ্লিষ্ট এলাকার একজন ভোটারের প্রত্যয়ন অথবা যাচাইকৃত ভোটারের স্বাক্ষর কিংবা টিপসহি থাকবে এবং সংশ্লিষ্ট এলাকার অপর একজন ভোটার কর্তৃক প্রতিস্বাক্ষরকৃত বা টিপসহিকৃত হবে।

(৮) এই বিধির অধীন মনোনয়নপত্র বাতিল করা হলে রিটার্নিং অফিসার তার সিদ্ধান্ত প্রত্যয়ন করবেন এবং বাতিলের কারণ লিপিবদ্ধ করবেন।

৬। **বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচন:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৪ এর উপ-বিধি (১) অনুসারে যদি চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান নির্বাচনে বিধি ১৭ এর অধীন বাছাইয়ের পর মনোনীত প্রার্থী অথবা বিধি ২০ এর অধীন প্রার্থিতা প্রত্যাহারের পর প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা কেবল একজন হয়, তা হলে রিটার্নিং অফিসার বিধি ১৩ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর অধীন প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত তারিখের পর, গণবিজ্ঞপ্তি দ্বারা উক্ত প্রার্থীকে নির্বাচিত বলে ঘোষণা করবেন এবং কমিশনের নিকট ফরম ''ঙ'' তে একটি রিটার্ন দাখিল করবেন।

(২) যদি মহিলা সদস্য নির্বাচনে বিধি ১৭ এর অধীন বাছাইয়ের পর মনোনীত প্রার্থী অথবা বিধি ২০ এর অধীন প্রার্থিতা প্রত্যাহারের পর প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা সংশ্লিষ্ট উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের সমসংখ্যক হয়, তা হলে, রিটার্নিং অফিসার বিধি ১৩ এর উপ-বিধি (১) এর দফা (গ) এর অধীন প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত তারিখের পর, গণবিজ্ঞপ্তি দ্বারা উক্ত প্রার্থী বা প্রার্থীদেরকে নির্বাচিত বলে ঘোষণা করবেন এবং কমিশনের নিকট ফরম ''ঙ'' তে একটি রিটার্ন দাখিল করবেন।

(৩) কমিশন নির্বাচিত প্রার্থীর নাম সরকারি গেজেটে প্রকাশ করবে।

৭। **প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচন:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৫ এর উপ-বিধি (১) অনুসারে যদি চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান বা মহিলা সদস্য হিসেবে নির্বাচনের জন্য প্রার্থীর সংখ্যা একাধিক হয় বা মহিলা সদস্য পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা বিধি ৪ অনুযায়ী নির্ধারিত মহিলা সদস্য সংখ্যার অধিক হয়, তা হলে উক্ত পদের জন্য ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে এবং এতদুদ্দেশ্যে রিটার্নিং অফিসার, বিধি ১৩ এর উপ-বিধি (১) এর দফা (ঘ) এর অধীন ভোট গ্রহণের নির্ধারিত তারিখের অন্তত: ১০ (দশ) দিন পূর্বে উপ-বিধি (২) অনুসারে প্রস্তুতকৃত প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকার প্রয়োজনীয়সংখ্যক কপি রিটার্নিং অফিসার এবং উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে এবং সংশ্লিষ্ট উপজেলার প্রকাশ্য স্থান বা স্থানসমূহে প্রকাশ করবেন।

(২) রিটার্নিং অফিসার মনোনয়নপত্রে উল্লিখিত প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম, পিতা/স্বামীর নাম ও ঠিকানা প্রযোজ্যক্ষেত্রে রাজনৈতিক দলের নাম এবং বরাদ্দকৃত প্রতীকের নামসম্বলিত একটি তালিকা ফরম ''চ'' অনুযায়ী প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রস্তুত করবেন।

(৩) রিটার্নিং অফিসার, প্রার্থিতা প্রত্যাহারের জন্য নির্ধারিত তারিখের পরের দিন, কমিশন এবং প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁর নির্বাচনি এজেন্ট এর অনুরোধে ফরম ''চ'' অনুযায়ী প্রকাশিত তালিকার একটি অনুলিপি সরবরাহ করবেন।

৮। **মনোনয়ন সম্পর্কিত তথ্যাবলি:** মনোনয়নপত্র গ্রহণ, বাছাই ও প্রার্থিতা প্রত্যাহারের দিন নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর এ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন তথ্যাবলী নির্বাচন কমিশন সচিবালয়ের ইন্টারনাল একাউন্ট এ প্রেরণ করবেন।

৯। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা:** সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রেখে নির্বাচনি কার্যক্রম পরিচালনার ব্যবস্থা করতে হবে।

৭/২/১৯

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc1@gmail.com

প্রাপক

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৩৫

তারিখ: ২৫ মাঘ ১৪২৫
০৭ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা

৪. সিনিয়র সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, .................................... (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ............................... রেঞ্জ (সকল)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ..........................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .................... (সকল)
১৯. পুলিশ সুপার, ..............................................(সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..................... (সংশ্লিষ্ট)
২২. উপজেলা নির্বাহী অফিসার, ..................... (সংশ্লিষ্ট)
২৩. ............................................................ ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................... (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, ........................................................ (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................. -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
৩১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................................................ (সংশ্লিষ্ট)
৩২. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

০৭/০২/২২
(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন ও ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল-০১৫৫০০৪২০৪১
e-mail: sas_emc2@ecs.gov.bd

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

web: www.ecs.gov.bd
ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮, ৫৫০০৭৬১১

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৩৬

তারিখ: ২৫ মাঘ ১৪২৫ / ০৭ ফেব্রুয়ারি ২০১৯

## পরিপত্র-৪

বিষয়: **৫ম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যান পদে সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচনি প্রতীক বরাদ্দ এবং ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের প্যানেল প্রস্তুত, নিয়োগ ও প্রশিক্ষণ**

উপরোক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ৫ম উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান এবং মহিলা-ভাইস চেয়ারম্যান সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে নির্ধারিত প্রতীক বরাদ্দের বিষয়ে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত নিম্নলিখিত নিম্নে উল্লেখ করা হলোঃ

২। **নির্ধারিত প্রতীকের তফসিল:** প্রতীক বরাদ্দের ক্ষেত্রে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২২ অনুসরণ করতে হবে। উক্ত বিধির উপ-বিধি (১) অনুসারে কোন পদের জন্য একাধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকলে প্রত্যেক প্রার্থী-

(ক) চেয়ারম্যান পদে নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে তফসিল-২;

(খ) চেয়ারম্যান পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৩);

(গ) ভাইস চেয়ারম্যান নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৪;

(ঘ) ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৫;

(ঙ) মহিলা ভাইস চেয়ারম্যান নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৬; এবং

(চ) মহিলা ভাইস চেয়ারম্যান পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে তফসিল-৭।

তবে শর্ত থাকে যে, দফা (ক), (গ) ও (ঙ) এ উল্লিখিত চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান প্রার্থীকে তার মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত প্রতীক উল্লেখ করতে হবে।

এখানে উল্লেখ্য, তফসিল-২, তফসিল-৩, তফসিল-৪, তফসিল-৫, তফসিল-৬ ও তফসিল-৭ এ বর্ণিত প্রতীকসমূহের তালিকা পরিশিষ্ট-ক এ উল্লেখ করা হলো।

৩। **অতিরিক্ত প্রতীক:** বিধি ২২ এর উপ-বিধি (৩) অনুসারে যদি কোন নির্বাচনে প্রার্থীর সংখ্যা তফসিল ৩ বা ৫ বা ৭ এ প্রদত্ত তালিকায় উল্লিখিত প্রতীক সংখ্যা অপেক্ষা অধিক হয়, তা হলে কমিশন উক্ত তালিকায় প্রয়োজনীয় সংখ্যক নূতন প্রতীক সংযোজন করতে পারবে।

৪। **রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দকরণ:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২২ এর উপ-বিধি (২) অনুসারে নির্বাচনি প্রতীক বরাদ্দের ক্ষেত্রে, প্রার্থীগণের মধ্যে দ্বন্দ্ব দেখা দিলে রিটার্নিং অফিসার, যতদূর সম্ভব, প্রার্থীগণের পছন্দের প্রতি লক্ষ্য রেখে, উক্ত প্রতীক বরাদ্দ করবেন এবং প্রয়োজনবোধে লটারীর মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন এবং এই বিষয়ে তাঁর সিদ্ধান্তই চূড়ান্ত হবে। রিটার্নিং অফিসার প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত শেষ তারিখ অতিবাহিত হওয়ার অব্যবহিত পরবর্তী দিবসে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করবেন। কোন অবস্থাতেই প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত শেষ তারিখের পূর্বে কোন প্রার্থীকে প্রতীক বরাদ্দ করা যাবে না। এছাড়া প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুত ও প্রেরণ বিষয়ে ইতঃপূর্বে জারীকৃত পরিপত্র-৩ এর অনুচ্ছেদ ৭ অনুসরণ করতে হবে।

৫। **অতিরিক্ত প্রতীক বরাদ্দের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করা:** উপজেলা পরিষদ নির্বাচনের জন্য অতিরিক্ত প্রতীকের প্রয়োজন হলে নির্বাচন কমিশনকে পূর্বেই অবহিত করতে হবে। আর অতিরিক্ত প্রতীক প্রয়োজন হলেও প্রথমে বিধিমালার তফসিলে নির্ধারিত প্রতীকগুলো বরাদ্দ করে নিঃশেষ করার পর রিটার্নিং অফিসারকে অতিরিক্ত প্রতীক বরাদ্দের কাজে হাত দিতে হবে। নির্ধারিত প্রতীক বরাদ্দ নিঃশেষ না করে অতিরিক্ত প্রতীক বরাদ্দ করা যাবে না। কেননা তফসিলে বর্ণিত নির্ধারিত প্রতীক এবং প্রার্থীর সংখ্যা সমান হলে নির্বাচন কমিশন তফসিলে বর্ণিত নির্ধারিত সংখ্যার প্রতীকগুলো প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নামের বিপরীতে ব্যালট পেপারে মুদ্রণ করবে। অতএব, অতিরিক্ত প্রতীক বরাদ্দের ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হবে।

৬। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের প্যানেল প্রস্তুত:** উপজেলা পরিষদ নির্বাচনে ব্যবহৃতব্য ভোটকেন্দ্রে তালিকা প্রেরণের পরপরই রিটার্নিং অফিসারকে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ১১ বিধি অনুসারে তার অধিক্ষেত্রভুক্ত উপজেলা পরিষদের নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের প্যানেল প্রস্তুত করবার উদ্দেশ্যে, সংশ্লিষ্ট উপজেলার সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থা এবং সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণের নিকট হতে কর্মকর্তা-কর্মচারীর নাম সংগ্রহ করে একটি প্যানেল প্রস্তুত করবেন। তবে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগের জন্য যত সংখ্যক কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষকের প্রয়োজন হবে তার চেয়ে **শতকরা ২০ ভাগ বেশি** সংখ্যক কর্মকর্তা/কর্মচারী ও শিক্ষককে প্যানেলভুক্ত করতে হবে।

৭। **প্যানেলভুক্ত কর্মকর্তা-কর্মচারীদের চাকরি নির্বাচন কমিশনে ন্যস্তকরণ:** রিটার্নিং অফিসার ভোটগ্রহণ কর্মকর্তাদের প্যানেল প্রস্তুত করার পর প্যানেলভূক্ত কর্মকর্তা ও কর্মচারীগণের চাকরি নির্বাচন কমিশনে ন্যস্ত করার উদ্দেশ্যে সংশ্লিষ্ট অফিস, সংস্থা, প্রতিষ্ঠান প্রধানগণকে লিখিতভাবে অনুরোধ করবেন এবং তার একটি অনুলিপি নির্বাচন কমিশনে প্রেরণ করবেন।

৮। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ:** ভোটকেন্দ্র চূড়ান্ত হওয়ার পর প্রতিটি ভোটকেন্দ্রের জন্য একজন প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে সহায়তা দানের জন্য প্রতিটি ভোটকক্ষের জন্য একজন সহকারী প্রিজাইডিং অফিসার ও দু'জন পোলিং অফিসার নিয়োগ করতে হবে।

৯। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের নীতিমালা:** ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের জন্য নিম্নরূপ নীতিমালা অনুসরণ করতে হবে:

**<u>প্রিজাইডিং অফিসার</u>:**

(ক) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির/প্রথম শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা, ক্ষেত্র বিশেষে দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা;

(খ) সরকারি/ সরকারি অনুদান প্রাপ্ত কলেজ/ সমমানের মাদ্রাসার শিক্ষক, ক্ষেত্রবিশেষে ডেমোনেস্ট্রেটর/ কর্মকর্তা;

(গ) রাষ্ট্রায়াত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের প্রথম শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা, ক্ষেত্র বিশেষে দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা;

(ঘ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত উচ্চবিদ্যালয়/সমমানের মাদ্রাসার প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক, ক্ষেত্র বিশেষে সিনিয়র শিক্ষক;

(ঙ) প্রয়োজনবোধে বেসরকারি ব্যাংক, বীমা অথবা নির্ভরযোগ্য যে কোন বেসরকারি প্রতিষ্ঠানের উক্তরূপ কর্মকর্তা/কলেজ শিক্ষক/প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক।

**<u>সহকারী প্রিজাইডিং অফিসার:</u>**

(ক) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের কর্মকর্তা।

(গ) রাষ্ট্রায়াত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের দ্বিতীয় শ্রেণির/দ্বিতীয় শ্রেণির পদমর্যাদা সম্পন্ন কর্মকর্তা;

(ঘ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত উচ্চ বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয়/সমমানের মাদ্রাসার প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক/সিনিয়র শিক্ষক;

(ঙ) সরকারি প্রাথমিক বিদ্যালয়/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

পোলিংঅফিসার:

(ক) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত অফিস ও প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী;

(খ) সরকারি/সরকারি অনুদান প্রাপ্ত কলেজ/সমমানেরমাদ্রাসার কর্মকর্তা/কর্মচারী;

(গ) রাষ্ট্রায়াত্ত ব্যাংক, বীমা, কর্পোরেশন অথবা অনুরূপ কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী;

(ঘ) সরকারি/ সরকারি অনুদান প্রাপ্ত উচ্চ বিদ্যালয়/মাধ্যমিক বিদ্যালয়/ সমমানের মাদ্রাসার শিক্ষক/ কর্মকর্তা/ কর্মচারী;

(ঙ) সরকারি প্রাথমিক বিদ্যালয়/রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা;

(চ) প্রয়োজনবোধে বেসরকারি ব্যাংক, বীমা অথবা নির্ভরযোগ্য যে কোন বেসরকারি প্রতিষ্ঠান/ শিক্ষা প্রতিষ্ঠানের উক্তরূপ শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী।

১০। **অতিরিক্ত ভোটগ্রহণ কর্মকর্তা ও মহিলা ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ:** ভোটগ্রহণের দিন, ভোটকেন্দ্রে যাতে ভোটগ্রহণ কর্মকর্তার স্বল্পতা না হয়, সে জন্য প্রতিটি পদে অর্থাৎ প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার পদে অতিরিক্ত **৫%** রিজার্ভ হিসেবে নিয়োগ করা যেতে পারে। যে সব ভোটকেন্দ্রে মহিলা ভোটারগণ ভোট প্রদান করবেন, সে সব কেন্দ্রের জন্য যথা সম্ভব মহিলা প্রিজাইডিং অফিসার, মহিলা সহকারী প্রিজাইডিং অফিসার এবং মহিলা পোলিং অফিসার যাতে নিয়োগ করা যায় তদ্বিষয়ে যথাসম্ভব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১১। **দক্ষ ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ:** ভোটকেন্দ্রে দক্ষতা ও নিরপেক্ষতার সাথে সুষ্ঠুভাবে ভোটগ্রহণ অনুষ্ঠান নির্বাচন প্রক্রিয়ার সফল ও সার্থক প্রতিফলন ঘটে। ফলে ভোটকেন্দ্রে ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাদের দক্ষতা ও অভিজ্ঞতার উপর বিশেষভাবে গুরুত্ব প্রদান করতে হবে। এ লক্ষ্যে উচ্চ মর্যাদা সম্পন্ন কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদান করাই সমীচীন বলে নির্বাচন কমিশন মনে করে। নির্বাচন কমিশন আশা করে যে, যেহেতু দেশের উপজেলাসমূহ ভোটকেন্দ্রের সংখ্যা সীমিত, সেহেতু সুষ্ঠু, সুন্দর ও শান্তি-শৃংখলা রক্ষার জন্য সাংগঠনিক ক্ষমতা, দক্ষতা, অভিজ্ঞতা, নিরপেক্ষতার প্রতি লক্ষ্য রেখে এরূপ দায়িত্ববান কর্মকর্তাদের মধ্যে হতে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করার জন্য বিশেষ গুরুত্ব দিতে হবে।

১২। **প্রার্থীর অধীনস্থ ব্যক্তিকে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ না করা:** উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ১১ বিধির শর্তবিধান অনুসারে যদি কোন ব্যক্তি কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অধীন বা পক্ষে চাকরিতে নিয়োজিত থাকেন বা কোন সময় নিয়োজিত ছিলেন, তবে তাকে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার বা পোলিং অফিসার নিয়োগ করা যাবে না। এছাড়া অন্য কোন কর্মকর্তা সম্পর্কে আপত্তি উত্থাপিত হলে তাও বিবেচনা করতে হবে।

১৩। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের নিয়োগপত্র:** কাজের সুবিধার্থে প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারদের নিয়োগপত্রের একটি নমুনা এতদসংগে সংযোজন করা হলো (পরিশিষ্ট-খ)। এই নমুনা অনুযায়ী নিয়োগপত্রের প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি কম্পিউটারে কম্পোজ অথবা স্থানীয়ভাবে ছাপিয়ে নিতে হবে। ছাপানোর খরচ মিটাবার জন্য পরবর্তীতে অর্থ বরাদ্দ করা হবে। নিয়োগপত্রের নমুনায় (পরিশিষ্ট-খ) ৪নং কলাম অনুযায়ী এমন একজন সহকারী প্রিজাইডিং অফিসারের নাম সন্নিবেশিত করবেন যিনি প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করবেন।

১৪। **ভোটগ্রহণ কর্মকর্তাদের তালিকা প্রণয়ন:** ভোটকেন্দ্রের তালিকা চূড়ান্তভাবে প্রকাশিত হওয়ার সাথে সাথে ভোটগ্রহণকারী কর্মকর্তাগণের (প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার) নিয়োগ এবং অতিরিক্ত ৫% নিয়োগপূর্বক নিয়োজিত কর্মকর্তাগণের তালিকা **ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী ১২ দিনের মধ্যে চূড়ান্ত করতে হবে।** উক্ত ব্যবস্থা গ্রহণ করে চূড়ান্ত নিয়োগের একটি তালিকা নির্বাচন কমিশন সচিবালয়ে যথাশীঘ্রই সম্ভব প্রেরণ করবেন।

১৫। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ:** প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের দক্ষতার উপর সুষ্ঠু নির্বাচন বিশেষভাবে নির্ভরশীল বিধায় উক্ত কর্মকর্তাগণকে ভোটগ্রহণ অনুষ্ঠানের নিয়মাবলী যথা- অমোচনীয় কালির বা কলমের ব্যবহার, ভোটদানের উদ্দেশ্যে ব্যালট পেপার প্রদানের পূর্বে করণীয় দায়িত্বাবলী, ব্যালট বাক্সের ব্যবহার, ব্যালট পেপার সরবরাহ, ভোটগ্রহণ পরিচালনা, ভোটগণনা, ফলাফল ঘোষণা, নির্বাচন পর্যবেক্ষক ব্যবস্থাপনা, নির্বাচনি কাগজপত্রাদি ব্যবস্থাপনা, নির্বাচন বিধিমালা ও ভোটকেন্দ্র ব্যবস্থাপনা ইত্যাদি সম্পর্কিত বিষয়ে স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে বর্তমানে ভোটগ্রহণ কর্মকর্তাদের উপজেলা ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে Training of Trainers (TOT) -এর কার্যক্রম চলছে। নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউটের তত্ত্বাবধানে

সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার এবং উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তাদের ব্যবস্থাপনায় এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। এ প্রশিক্ষণে TOT প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ প্রশিক্ষণের দায়িত্ব পালন করবেন।

১৬। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ নির্দেশিকা:** ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনার উদ্দেশ্যে ‘‘প্রিজাইডিং অফিসার এবং সহকারী প্রিজাইডিং অফিসারদের জন্য নির্দেশিকা’’ সম্বলিত একটি পুস্তিকা প্রস্তুত করা হয়েছে। তাছাড়া ‘‘ভোটগ্রহণ কর্মকর্তাদের জন্য বিশেষ নির্দেশাবলী’’ শীর্ষক একটি লিফলেট নির্বাচন কমিশন হতে প্রস্তুত করা হয়েছে। রিটার্নিং অফিসারগণ উক্ত নির্দেশাবলী সম্বলিত পুস্তিকা এবং লিফলেট সংশ্লিষ্ট ভোটগ্রহণ কর্মকর্তাগণকে সরবরাহ করবেন। উক্ত নির্দেশাবলীসমূহ যথাসময়ে সরবরাহের পরপরই প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের একটি প্রশিক্ষণ কোর্সে যোগদানের জন্য আহ্বান করা হবে। প্রশিক্ষণ চলাকালীন তারা নির্দেশাবলী সঠিকভাবে অনুধাবন করতে পেরেছেন কিনা তা যাচাই করে নিতে হবে। এ প্রশিক্ষণের কাজ ভোটগ্রহণের ২/৩দিন পূর্বে অবশ্যই শেষ করতে হবে। নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করবে।

১৭। **ভোটগ্রহণ কর্মকর্তা অপসারণ বা পুনঃনিয়োগ:** (ক) উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১১ অনুসারে কোন সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসার তার কর্তব্য পালনের জন্য ভোটকেন্দ্রে উপস্থিত হতে ব্যর্থ হলে, প্রিজাইডিং অফিসার তাৎক্ষণিকভাবে এমন কোন ব্যক্তিকে সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসার নিয়োগ করতে পারবেন যিনি নিজে কোন প্রার্থী নন, বা কোন প্রার্থীর সাথে সম্পর্কযুক্ত নন, এবং প্রিজাইডিং অফিসার কোন পোলিং অফিসারের অনুপস্থিতি, তার কারণ এবং অনুরূপ অনুপস্থিতির কারণে তদস্থলে অপর কোন ব্যক্তিকে নিয়োগের বিষয় ভোটগ্রহণ শেষ হওয়ার পর যথাশীঘ্র সম্ভব রিটার্নিং অফিসারকে অবহিত করবেন।

(খ) অসুস্থতা বা অন্য কোন কারণে প্রিজাইডিং অফিসার ভোটকেন্দ্রে উপস্থিত হতে বা উপস্থিত হওয়া সত্ত্বেও তার দায়িত্ব পালনে অক্ষম হলে, প্রিজাইডিং অফিসার তার অনুপস্থিতি বা অক্ষমতার কারণ যথাশীঘ্র সম্ভব রিটার্নিং অফিসারকে অবহিত করবেন এবং রিটার্নিং অফিসার জ্যেষ্ঠতম সহকারী প্রিজাইডিং অফিসারকে উক্ত প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য ক্ষমতা প্রদান করবেন।

(গ) রিটার্নিং অফিসার, লিখিতভাবে কারণ লিপিবদ্ধ করে, ভোটগ্রহণ চলাকালে যে কোন সময়, যে কোন প্রিজাইডিং অফিসার অথবা সহকারী প্রিজাইডিং অফিসার অথবা পোলিং অফিসারকে তার দায়িত্ব পালন হতে বিরত থাকার আদেশ দিতে পারবেন এবং উক্তরূপ আদেশ প্রদানের প্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

সংলগ্নীঃ বর্ণনা মোতাবেক।

৭/২/১৯

(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
e-mail: sasemc1@gmail.com

প্রাপক

১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),......................... ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

২। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .........................ও রিটার্নিং অফিসার (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.১৯-৩৬

তারিখ: ২৫ মাঘ ১৪২৫ / ০৭ ফেব্রুয়ারি ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা

৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা

৪. সিনিয়র সচিব, ............................................................ মন্ত্রণালয়/বিভাগ (সকল)

৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. সচিব, ............................................................... মন্ত্রণালয়/বিভাগ (সকল)
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)/কোস্টগার্ড, ঢাকা
১০. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. বিভাগীয় কমিশনার, ................................ (সকল)
১২. উপমহাপুলিশ পরিদর্শক, ............................... রেঞ্জ (সকল)
১৩. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. পরিচালক (জনসংযোগ) ও যুগ্মসচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. জেলা প্রশাসক, ................................(সংশ্লিষ্ট) ও আপিল কর্তৃপক্ষ
১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .................... (সকল)
১৯. পুলিশ সুপার, .................................... (সংশ্লিষ্ট)
২০. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..................... (সংশ্লিষ্ট)
২২. উপজেলা নির্বাহী অফিসার, .............................. (সংশ্লিষ্ট)
২৩. ............................................................ ও সহকারী রিটার্নিং অফিসার
২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ............................... (সংশ্লিষ্ট)
২৫. জেলা তথ্য অফিসার, ............................... (সংশ্লিষ্ট)
২৬. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৭. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ............................................ -এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ......................... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩০. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ............................... (সংশ্লিষ্ট)
৩১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ......................................................... (সংশ্লিষ্ট)
৩২. নির্বাচন কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা।

০৭/০২/১৯

(মোহাম্মদ আশফাকুর রহমান)
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
ফোন ও ফ্যাক্সঃ ০২-৫৫০০৭৫৫৯
মোবাইল-০১৫৫০০৪২০৪১
e-mail: sas_emc2@ecs.gov.bd

# উপজেলা পরিষদ নির্বাচনের প্রতীকসমূহের তালিকা

[উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ অনুযায়ী]

## তফসিল-২

[ বিধি ২২ (১) (ক) দ্রষ্টব্য ]

চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। | ছাতা | ২১। | আম |
| ২। | বাই-সাইকেল | ২২। | খেজুর গাছ |
| ৩। | চাকা | ২৩। | উদীয়মান সূর্য |
| ৪। | গামছা | ২৪। | মাছ |
| ৫। | কাস্তে | ২৫। | বাঘ |
| ৬। | নৌকা | ২৬ | গাভি |
| ৭। | ধানের শীষ | ২৭। | কাঁঠাল |
| ৮। | কবুতর | ২৮। | চেয়ার |
| ৯। | কুঁড়ে ঘর | ২৯। | হাত ঘড়ি |
| ১০। | হাতুড়ি | ৩০ | মিনার |
| ১১। | কুলা | ৩১। | রিক্সা |
| ১২। | লাঙ্গল | ৩২। | হাত পাখা |
| ১৩। | মশাল | ৩৩। | মোমবাতি |
| ১৪। | তারা | ৩৪। | হুক্কা |
| ১৫। | গোলাপ ফুল | ৩৫। | কোদাল |
| ১৬। | মই | ৩৬। | দেওয়াল ঘড়ি |
| ১৭। | গরুর গাড়ি | ৩৭। | হাত (পাঞ্জা) |
| ১৮। | ফুলের মালা | ৩৮। | ছড়ি |
| ১৯। | বটগাছ | ৩৯। | টেলিভিশন |
| ২০। | হারিকেন | ৪০। | সিংহ |

## তফসিল-৩

[ বিধি ২২ (১) (খ) দ্রষ্টব্য ]

চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। | আনারস | ৮। | ব্যাটারি |
| ২। | কাপ-পিরিচ | ৯। | হেলিকপ্টার |
| ৩। | চিংড়ি মাছ | ১০। | ফেজ টুপি |
| ৪। | মোটর সাইকেল | ১১। | মুকুট |
| ৫। | ঘোড়া | ১২। | জোড়া ফুল |
| ৬। | টেলিফোন | ১৩। | হাঙ্গর |
| ৭। | দোয়াত-কলম | ১৪। | নারিকেল জোড়া |

## তফসিল-৪

[ বিধি ২২ (১) (গ) দ্রষ্টব্য ]

### ভাইস চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। | ছাতা | ২১। | আম |
| ২। | বাই-সাইকেল | ২২। | খেজুর গাছ |
| ৩। | চাকা | ২৩। | উদীয়মান সূর্য |
| ৪। | গামছা | ২৪। | মাছ |
| ৫। | কাস্তে | ২৫। | বাঘ |
| ৬। | নৌকা | ২৬ | গাভি |
| ৭। | ধানের শীষ | ২৭। | কাঁঠাল |
| ৮। | কবুতর | ২৮। | চেয়ার |
| ৯। | কুঁড়ে ঘর | ২৯। | হাত ঘড়ি |
| ১০। | হাতুড়ি | ৩০ | মিনার |
| ১১। | কুলা | ৩১। | রিক্সা |
| ১২। | লাঙ্গল | ৩২। | হাত পাখা |
| ১৩। | মশাল | ৩৩। | মোমবাতি |
| ১৪। | তারা | ৩৪। | হুক্কা |
| ১৫। | গোলাপ ফুল | ৩৫। | কোদাল |
| ১৬। | মই | ৩৬। | দেওয়াল ঘড়ি |
| ১৭। | গরুর গাড়ি | ৩৭। | হাত (পাঞ্জা) |
| ১৮। | ফুলের মালা | ৩৮। | ছড়ি |
| ১৯। | বটগাছ | ৩৯। | টেলিভিশন |
| ২০। | হারিকেন | ৪০। | সিংহ |

## তফসিল-৫

[ বিধি ২২ (১) (ঘ) দ্রষ্টব্য ]

### ভাইস চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। | আইসক্রিম | ৭। | টিয়া পাখি |
| ২। | উড়োজাহাজ | ৮। | তালা |
| ৩। | গ্যাস সিলিন্ডার | ৯। | পালকি |
| ৪। | চশমা | ১০। | বই |
| ৫। | টাইপ রাইটার | ১১। | বৈদ্যুতিক বাল্ব |
| ৬। | টিউবওয়েল | ১২। | মাইক |

## তফসিল-৬
[ বিধি ২২ (১) (ঙ) দ্রষ্টব্য ]

### মহিলা ভাইস চেয়ারম্যান পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। | ছাতা | ২১। | আম |
| ২। | বাই-সাইকেল | ২২। | খেজুর গাছ |
| ৩। | চাকা | ২৩। | উদীয়মান সূর্য |
| ৪। | গামছা | ২৪। | মাছ |
| ৫। | কাস্তে | ২৫। | বাঘ |
| ৬। | নৌকা | ২৬ | গাভি |
| ৭। | ধানের শীষ | ২৭। | কাঁঠাল |
| ৮। | কবুতর | ২৮। | চেয়ার |
| ৯। | কুঁড়ে ঘর | ২৯। | হাত ঘড়ি |
| ১০। | হাতুড়ি | ৩০ | মিনার |
| ১১। | কুলা | ৩১। | রিক্সা |
| ১২। | লাঙ্গল | ৩২। | হাত পাখা |
| ১৩। | মশাল | ৩৩। | মোমবাতি |
| ১৪। | তারা | ৩৪। | হুক্কা |
| ১৫। | গোলাপ ফুল | ৩৫। | কোদাল |
| ১৬। | মই | ৩৬। | দেওয়াল ঘড়ি |
| ১৭। | গরুর গাড়ি | ৩৭। | হাত (পাঞ্জা) |
| ১৮। | ফুলের মালা | ৩৮। | ছড়ি |
| ১৯। | বটগাছ | ৩৯। | টেলিভিশন |
| ২০। | হারিকেন | ৪০। | সিংহ |

## তফসিল-৭
[ বিধি ২২ (১) (চ) দ্রষ্টব্য ]

### মহিলা ভাইস চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। | প্রজাপতি | ৬। | পদ্ম ফুল |
| ২। | হাঁস | ৭। | ফুলের টব |
| ৩। | ফুটবল | ৮। | বৈদ্যুতিক পাখা |
| ৪। | ক্যামেরা | ৯। | তীর-ধনুক |
| ৫। | কলস | ১০। | সেলাই মেশিন |

পরিশিষ্ট-খ

# রিটার্নিং অফিসারের কার্যালয়

## পঞ্চম উপজেলা পরিষদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তার নিয়োগপত্র

উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর ১১ বিধিতে প্রদত্ত ক্ষমতা বলে আমি এতদ্বারা নিম্নে বর্ণিত ব্যক্তিগণকে............... উপজেলার.........................ইউনিয়ন/পৌরসভার.......................ওয়ার্ডের.................ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে ভোটগ্রহণে সহায়তা দানের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার হিসেবে নিয়োগ করছি:

| প্রিজাইডিং অফিসারের নাম ও পদবী | সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবী | পোলিং অফিসারের নাম ও পদবী | প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতিতে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য মনোনীত সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবী |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১।............... | ১।............... | ১।...............<br>২।............... | ১।....................... |
| | ২।............... | ১।...............<br>২।............... | |
| | ৩।............... | ১।...............<br>২।............... | |
| | ৪।............... | ১।...............<br>২।.............. | |
| | ইত্যাদি | ইত্যাদি | |

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সীল

(এ অংশটুকু রিটার্নিং অফিসারকে স্বাক্ষর পূর্বক ফেরত প্রদান করতে হবে)

### ভোটগ্রহণ কর্মকর্তাদের অংগীকারনামা

ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়ে আমি , .......................(নাম, পদবী)অংগীকা করছি যে, আমি আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সর্ব প্রকার দলীয়/গোষ্ঠীয়/ধর্মীয় প্রভাব হতে মুক্ত থেকে সততা ও ন্যায় নিষ্ঠার সাথে পালন করব। আমি অবগত আছি যে, দায়িত্ব সম্পাদনে কোন ব্যত্যয়ের জন্য উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩; নির্বাচন কর্মকর্তা (বিশেষবিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩নং আইন) এবং সংশ্লিষ্ট আইন অনুযায়ী আমার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

তারিখ: ..................................

প্রিজাইডিং/সহকারী প্রিজাইডিং /পোলিংঅফিসার এর পূর্ণ নাম ও স্বাক্ষর